



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ঢাশিবো/বি/৬/আএন্ডআ/

তারিখ :

বিষয় : বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ আনোয়ার হোসেন-কে স্বপদে পুনর্বহাল প্রসঙ্গে।

সূত্র : (১) অধ্যক্ষ, উত্তরা হাই স্কুল এন্ড কলেজ কর্তৃক জনাব মোঃ আনোয়ার হোসেন-এর বিরুদ্ধে আনীত অভিযোগনামাসহ আপীল এন্ড আরবিট্রেশন কমিটিতে আবেদন।  
(২) বোর্ডের ২০/১১/২০১৯ তারিখের আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ আনোয়ার হোসেন-কে চূড়ান্ত বরখাস্তের স্বপক্ষে আনীত অভিযোগনামা- (১) অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) হিসেবে দায়িত্ব পালনের সময় অর্থ আত্মসাৎ; (২) অভ্যন্তরীণ নিরীক্ষায় সর্বমোট ১,৭১,৬১,৭৬৭/- (এক কোটি একাত্তর লক্ষ একষট্টি হাজার সাতশত সাতষট্টি) টাকা আত্মসাৎ ইত্যাদি অভিযোগের কারণে চূড়ান্ত বরখাস্ত করা হয়েছে। উক্ত অভিযোগ ও দাখিলকৃত প্রামাণ্য পত্রাদি যথাযথ না হওয়ায় বিস্তারিত পর্যালোচনার পর আপীল এন্ড আরবিট্রেশন কমিটি ম্যানেজিং কমিটি কর্তৃক চূড়ান্ত বরখাস্তের বিষয়টি অনুমোদন করেনি।

২। এমতাবস্থায়, ভবিষ্যতের জন্য সতর্ক করে বোর্ডের আপীল এন্ড আরবিট্রেশন কমিটি বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ আনোয়ার হোসেন-কে স্বপদে পুনর্বহালের সিদ্ধান্ত গ্রহণ করে। ফলে পত্র ইস্যুর তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে তার প্রাপ্য বকেয়া পরিশোধ করে বোর্ডকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে

স্বাঃ

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা

প্রাপক : সভাপতি, গভর্নিংবডি  
উত্তরা হাই স্কুল এন্ড কলেজ  
উত্তরা, ঢাকা।

মেমো নং-

তারিখ :

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত্র, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, ঢাকা।
- ৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৫। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৬। অধ্যক্ষ, উত্তরা হাই স্কুল এন্ড কলেজ।
- ৭। মোঃ আনোয়ার হোসেন, সহকারী প্রধান শিক্ষক (বরখাস্তকৃত), উত্তরা হাই স্কুল এন্ড কলেজ।
- ৮। পি.এস.-টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৯। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা